

🗏 আল-ফুরকান | Al-Furgan | ٱلْفُرْقَان

আয়াতঃ ২৫:৫

💵 আরবি মূল আয়াত:

وَ قَالُوا اَسَاطِيرُ الاَوَّلِينَ اكْتَتَبَهَا فَهِيَ تُملِّي عَلَيهِ بُكرَةً وَّ أَصِيلًا ﴿٥﴾

তারা বলে, 'এটি প্রাচীনকালের উপকথা যা সে লিখিয়ে নিয়েছে; এগুলো সকাল-সন্ধ্যায় তার কাছে পাঠ করা হয়।
— আল-বায়ান

তারা বলে- 'এগুলো পূর্ব যুগের কাহিনী যা সে [অর্থাৎ মুহাম্মাদ (সা.)] লিখিয়ে নিয়েছে আর এগুলোই তার কাছে সকাল-সন্ধ্যা শোনানো হয়।' — তাইসিরুল

এবং তারা বলেঃ এগুলিতো সেকালের উপকথা যা সে লিখিয়ে নিয়েছে; এগুলি সকাল-সন্ধ্যায় তার নিকট পাঠ করা হয়। — মুজিবুর রহমান

And they say, "Legends of the former peoples which he has written down, and they are dictated to him morning and afternoon." — Sahih International

৫. তারা আরও বলে, এগুলো তো সে কালের উপকথা, যা সে লিখিয়ে নিয়েছে; তারপর এগুলো সকাল-সন্ধ্যা তার কাছে পাঠ করা হয়।

তাফসীরে জাকারিয়া

(৫) ওরা বলে, 'এগুলি তো সে কালের উপকথা; যা সে লিখিয়ে নিয়েছে। অতঃপর এগুলি সকাল-সন্ধ্যা তার নিকট পাঠ করা হয়।'

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2860

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন